



নিউইয়র্কে আখতার হোসেনের ওপর হামলাকারী মিজান চৌধুরী গ্রেপ্তার



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এনসিপির সদস্য সচিব আখতার হোসেনের ওপর হামলার ঘটনায় আওয়ামী লীগ কর্মী মিজান চৌধুরীকে আটক করেছে পুলিশ। জ্যাকসন হাইটস থেকে আটক হওয়া মিজানকে বুধবার আদালতে তোলা হবে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে এনসিপির সদস্য সচিব আখতার হোসেনের ওপর হামলার অভিযোগে মিজান চৌধুরীকে আটক করেছে স্থানীয় পুলিশ। সোমবার (২২ সেপ্টেম্বর) রাত ৯টা ২৮ মিনিটে জ্যাকসন হাইটস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, মিজান চৌধুরী আওয়ামী লীগের কর্মী এবং তার বাড়ি সিলেটের জকিগঞ্জ। বুধবার তাকে আদালতে নেওয়া হবে।

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে অংশ নিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের সফরসঙ্গী হিসেবে আখতার হোসেন নিউইয়র্কে পৌঁছেন। তার সঙ্গে ছিলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের, এনসিপির যুগ্ম আহ্বায়ক ডা. তাসনিম জারা এবং আরও অনেকে।

বিমানবন্দরে পৌঁছালে আওয়ামী লীগের কর্মীরা আখতার হোসেনকে লক্ষ্য করে ডিম নিক্ষেপ করে এবং অশালীন ভাষায় গালিগালাজ করে। এ ঘটনায় ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয়।